গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**পার-২ অধিশাখা**
www.mefwd.gov.bd

নথি নম্বরঃ ৫৯.০০.০০০০.১১০.০২.০০২.১৮- ৪৩৭

তারিখঃ ১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মোঃ আব্দুল জলিল, মেডিকেল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল-এর প্রেষণ/সংযুক্তি আদেশ বাতিলপূর্বক তাঁকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে পদায়নের লক্ষ্যে তাঁর চাকরির মূল উৎসে প্রত্যাবর্তন প্রসঙ্গে।

সূত্রঃ নং-৫৯.১১.০০০০.১৫০.০১৮.১৮৬.২০১৯-২১৫৯, তারিখঃ ২৪/০৭/২০১৯ খ্রি., পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাঃ মোঃ আব্দুল জলিল স্বাস্থ্য অধিদপ্তরের বিগত ১৪/১১/১৯৮৫ খ্রি. তারিখের ৭৬১৪ নম্বর স্মারক মোতাবেক বিগত ১৬/১১/১৯৮৫ খ্রি. তারিখে ইনসার্ভিস ট্রেইনি পদে যোগদান করেন। অতঃপর, বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস সংশোধনের আলোকে পদটি স্বাস্থ্য ক্যাডারভূক্ত করা হয়। পরবর্তীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিগত ০৩/০১/১৯৯১ খ্রি. তারিখের ৬ নম্বর প্রজ্ঞাপনমূলে তাকেঁ পরিবার পরিকল্পনা অধিদপ্তরে ন্যাস্ত করা হয়। তৎপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিগত ২৩/০১/১৯৯১ খ্রি. তারিখের ৩৯০ নম্বর স্মারকে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) পদে টাংগাইল জেলার সখিপুর উপজেলা পরিবার পরিবার পরিরকল্পনা কার্যালয়ে পদায়ন করা করা হয়। পরবর্তীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিগত ০৭/০৯/১৯৯৬ খ্রি. তারিখের ২২৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে চাকরি স্থায়ীকরণ করা হয়। ১৯৯১ থেকে ২০১৯সাল পর্যন্ত তিনি পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভিন্ন উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যালয়ে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) হিসাবে কাজ করেন এবং বিগত ২৪/১২/২০১৫ খ্রি. তারিখ থেকে মেডিকেল অফিসার (সিসি) হিসেবে টাংগাইল জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে দায়িত্ব পালন করছেন।

২। তাঁর বিরুদ্ধে বিভিন্ন উপজেলায় কর্মকালীন সময়ে রাজস্ব ও উন্নয়ন খাতে কোন আর্থিক অনিয়ম ও নিরীক্ষা আপত্তি পাওয়া যায়নি, তার শৃঙ্খলামূলক প্রতিবেদন ইতিবাচক এবং পরিবহন সংক্রান্ত কোন দেনা পাওনা নেই মর্মে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়েছে। তাঁর জন্ম তারিখ ১৪/০৯/১৯৬০ খ্রি. অনুযায়ী আগামী ১৩/০৯/২০১৯ খ্রি. তারিখে বয়স ৫৯ বছর পূর্ণ হবে বিধায় 'সরকারি চাকরি আইন, ২০১৮' অনুসারে তাঁর পিআরএল-এর তারিখ ১৪/০৯/২০১৯ খ্রি.।

৩। এমতাবস্থায়, অবসরে গমনের সুবিধার্থে ডাঃ মোঃ আব্দুল জলিল, মেডিকেল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল-এর প্রেষণ/সংযুক্তি আদেশ বাতিলপূর্বক তাঁকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে পদায়নের লক্ষ্যে তাঁর চাকরির মূল উৎসে নির্দেশক্রমে নিম্নলিখিত শর্তে প্রত্যাবর্তন করা হ'লঃ

(ক) বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে সরকারের কোন পাওনা থাকলে বা ভবিষ্যতে কোন অডিট আপত্তি উত্থাপিত হলে তিনি তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

২৮/১০/১৯

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোনঃ ০২-৯৫৪০৬৫৪

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

E:\Office\Personal-2 (Per-2)\Letter.docx

নথি নম্বরঃ ৫৯.০০.০০০০.১১০.০২.০০২.১৮- ৪৩৭/১(২৩) তারিখঃ ১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ / ২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (বর্ণিত কর্মকর্তার তথ্য সংরক্ষণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪। বিভাগীয় পরিচালক (পরিবার পবিকল্পনা) ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা,ঢাকা।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১০। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল।
১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, টাঙ্গাইল।
১২। ডাঃ মোঃ আব্দুল জলিল, মেডিকেল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। যুগ্মসচিব (পার/বাজেট/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অফিস কপি।

২৮/১০/১৯

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোনঃ ০২-৯৫৪০৬৫৪